# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

---

প্রশ্নঃ (১৮৪) তারকার প্রভাব দ্বারা ইস্তেস্কা বা বৃষ্টি প্রার্থনা করার হুকুম কী?

উত্তরঃ তারকার মাধ্যমে বৃষ্টি প্রার্থনা করা এবং তারকাগুলো প্রভাব বিস্তারকারী হিসাবে বিশ্বাস করা কুফরী। আল্লাহ্ তাআ'লা বলেনঃ

وَتَجْعَلُوْنَ رِزْقَكُمْ أَنَّكُمْ تُكَذِّبُوْنَ

‘‘আর তোমরা তোমাদের রিযিকের শুকরিয়া এভাবে করছ যে তোমরা উহাকে মিথ্যা প্রতিপন্ন করছ। (সূরা আল ওয়াকেআহ্ঃ ৮২) আবু মালিক আশআরী হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(أَرْبَعٌ فِي أُمَّتِي مِنْ أَمْرِ الْجَاهِلِيَّةِ لاَ يَتْرُكُونَهُنَّ الْفَخْرُ فِي الأَحْسَابِ وَالطَّعْنُ فِي الأَنْسَابِ وَالإِسْتِسْقَاءُ بِالنُّجُومِ وَالنِّيَاحَةُ)

‘‘আমার উম্মতের মধ্যে জাহেলী যুগের চারটি স্বভাব বিদ্যমান থাকবে, যা তারা পরিহার করতে পারবে না। ১) বংশ মর্যাদা নিয়ে গৌরব করা, ২) বংশ নিয়ে দোষারোপ করা, ৩) তারকার মাধ্যমে পানি তলব করা, ৪) (কারো মৃত্যু হলে) জোরে জোরে চিৎকার করে ক্রন্দন করা।[1] হুদায়বিয়ার দিন সকাল বেলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাদীছে কুদসীতে বলেনঃ

قَالَ اللَّه تَعَالَى: أَصْبَحَ مِنْ عِبَادِي مُؤْمِنٌ بِي وَكَافِرٌ فَأَمَّا مَنْ قَالَ: مُطِرْنَا بِفَضْلِ اللَّهِ وَرَحْمَتِهِ فَذَلِكَ مُؤْمِنٌ بِي وَكَافِرٌ بِالْكَوْكَبِ وَأَمَّا مَنْ قَالَ بِنَوْءِ كَذَا وَكَذَا فَذَلِكَ كَافِرٌ بِي وَمُؤْمِنٌ بِالْكَوْكَبِ

‘‘আল্লাহ্ তাআলা বলেনঃ আমার কতিপয় বান্দা আজ আমার প্রতি ঈমানদার অবস্থায় এবং কতিপয় বান্দা কাফের অবস্থায় সকাল করেছে। যে বললঃ আল্লাহর রহমত ও অনুগ্রহে বৃষ্টি প্রাপ্ত হয়েছি, আমার প্রতি ঈমান আনয়ন করেছে এবং তারকার প্রভাব অস্বীকার করেছে। আর যে ব্যক্তি বললঃ এই এই তারকার কারণে আমরা বৃষ্টি প্রাপ্ত হয়েছি, সে আমার প্রতি অবিশ্বাস করল এবং তারকার প্রতি ঈমান আনয়ন করল’’।[2]

## ফুটনোট

[1] - সহীহ মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল জানায়েয।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ইস্তিস্কা

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=11998

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন